মেঘ বলেছে 'যাব যাব', রাত বলেছে 'যাই',
সাগর বলে 'কূল মিলেছে— আমি তো আর নাই' ॥
দুঃখ বলে 'রইনু চুপে   তাঁহার পায়ের চিহ্নরূপে',
আমি বলে 'মিলাই আমি আর কিছু না চাই' ॥
ভুবন বলে 'তোমার তরে আছে বরণমালা',
গগন বলে 'তোমার তরে লক্ষ প্রদীপ জ্বালা' ।
প্রেম বলে যে 'যুগে যুগে          তোমার লাগি আছি জেগে',
মরণ বলে 'আমি তোমার জীবনতরী বাই' ॥

---

Parjaay: Puja, Taal: Jot (3/4/3/4), Raag: Behag
Visit www.geetabitan.com for notation and other detail